# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- .............................................. তারিখঃ ..........................

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক,
দেউলী বেগম জহুরা বালিকা উচ্চ বিদ্যালয়
ডাক : দেউলী , উপজেলা/থানা: শিবগঞ্জ, জেলা: বগুড়া।

বিষয় : মাধ্যমিক পর্যায়ে অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২০২২.২৭৩ তারিখ: ৩০/১০/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১৭/০৭/২০২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত বিদ্যালয় মঞ্জুরি কমিটির ৩য় সভার সিদ্ধান্ত এবং ২২/০৭/২০২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত ২৫০ তম বোর্ড সভার অনুমোদিত সিদ্ধান্ত মোতাবেক বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন ' দেউলী বেগম জহুরা বালিকা উচ্চ বিদ্যালয় ' টিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ০৬/০৮/২০২৩খ্রি: তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক (নবম ও দশম) পর্যায়ে অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান করা হ'ল।

শর্তসমূহ:

১। প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে নিয়োগকৃত জনবলের বেতন ভাতাদি বহন করতে হবে।
২। বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও সন্তোষজনক ফলাফল অব্যাহত রাখতে হবে।
৩। বিদ্যালয় প্রাঙ্গণে ফলজ বৃক্ষ রোপন করতে হবে।
৪। বিদ্যালয়ে খেলাধুলার মাঠের উন্নয়ন করতে হবে।
৫। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
৬। বিদ্যালয়ের সীমানা প্রাচীর দিতে হবে।
৭। সর্বশেষ চাকুরী বিধি মোতাবেক যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে।
৮। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের নামে অবৈধভাবে চাঁদা আদায় করা যাবে না।
৯। অনুদানের অর্থ রশিদের মাধ্যমে সংগ্রহ করে প্রতিষ্ঠানের ফান্ডে জমা দিয়ে তা প্রতিষ্ঠানের উন্নয়নে যথাযথ ভাবে খরচ করতে হবে এবং খরচকৃত অর্থের নীরিক্ষা করাতে হবে।
১০। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের অর্থ তছরুপ সম্বন্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে তাৎক্ষণিক বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
১১। বিদ্যালয়ে পাঁচ সদস্যের অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করে প্রতি ছয় মাস অন্তর আয়-ব্যয়ের হিসাব অডিট পূর্বক পরবর্তী স্বীকৃতি নবায়নের সঙ্গে সমুদয় অডিট রিপোর্ট দাখিল করতে হবে। অন্যথায়, পরবর্তীতে স্বীকৃতি নবায়ন করা হবে না। বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময় উক্ত অডিট রিপোর্ট তলব করলে তা দাখিল করতে করবে।
১২। অনুমোদিত সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করাতে হবে।

(মহা: জিয়াউল হক)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
ফোন: ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)

স্মারক নং- ৩/এম/৪৩/১৯৩০ তারিখ: ৭৭/০৮/২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল ঃ-

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। মহা-পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
৬। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া।
৮। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া।
১০। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চ: দা:) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
১১। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবগঞ্জ, বগুড়া।
১৩। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,রাজশাহী।

SCHOOL_G/Rizaul-_2-Nithemala-2022—2023- Madamk_Akademik -Latter- 01-Peg-31

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ৩/এস/১৩/২৮৩০ তারিখ: ২৪/৮/২৩

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক,
দামগাড়া সৈয়দ মিনা উচ্চ বিদ্যালয়,
ডাকঘর : বুড়িগঞ্জ, উপজেলা/থানা: শিবগঞ্জ, জেলা : বগুড়া।

বিষয় : এডহক কমিটির সভাপতির পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৫০.১০৯৪.০০০.০৮.০১০.২৩.৮৪২
তারিখ: ০৩/০৭/২০২৩খ্রি: তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন দামগাড়া সৈয়দ মিনা উচ্চ বিদ্যালয়ে অত্র বোর্ডের স্মারক নং-৩/এস/১৩/২৬৩৭ তারিখ ০৩/০৫/২০২৩খ্রি: এর মাধ্যমে অনুমোদিত চলমান এডহক কমিটির সভাপতি জনাব মো: তরিকুল ইসলাম বিভিন্ন অনিয়মের সাথে জড়িত বলে প্রতিয়মান হওয়ায় তাকে এডহক কমিটির সভাপতি পদ হতে অব্যাহতি দিয়ে তাঁর শূন্য পদে জনাব মো: আনোয়ার হোসেন পিতা: মৃত আয়েন উদ্দিন ফকির, গ্রাম: দামগাড়া, ডাক: বুড়িগঞ্জ, উপজেলা: শিবগঞ্জ, জেলা: বগুড়াকে অবশিষ্ট মেয়াদ কালের জন্য সভাপতি মনোনয়ন দেয়া হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

(মহা: জিয়াউল হক)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,রাজশাহী।

স্মারক নং ৩/এস/১৩/২৮৩০ তারিখ: ২৪/৮/২৩

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হ'লঃ-

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
২। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, জেলা : বগুড়া।
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, শিক্ষা বোর্ড রাজশাহী।
৪। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবগঞ্জ, জেলা : বগুড়া।
৬। সভাপতি, এডহক কমিটি, দামগাড়া সৈয়দ মিনা উচ্চ বিদ্যালয়,
ডাকঘর : বুড়িগঞ্জ, উপজেলা/থানা: শিবগঞ্জ, জেলা : বগুড়া।
৭। অফিস কপি।

২৪/০৮/২৩

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।
ফোন: ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)

SCHOOL_G/Rizaul-_Managing-Mretu-01-peg/251

২৪/৮/২৩